দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 28 DEC 2016 ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৪ ...

# জাতীয়করণসহ আট দফা দাবি মাদ্রাসা শিক্ষকদের

■ ইত্তেফাক রিপোর্ট

বিচ্ছিন্নভাবে শিক্ষা প্রতিষ্ঠানগুলো জাতীয়করণ না করে মাদ্রাসাসহ সকল বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান একযোগে জাতীয়করণের দাবি জানিয়েছে বাংলাদেশ মাদ্রাসা জেনারেল টিচার্স অ্যাসোসিয়েশন। একই সঙ্গে মাদ্রাসার সাধারণ বিষয়ের শিক্ষকদের সুপার ও অধ্যক্ষ হওয়ার সুযোগ, ৫ শতাংশ ইনক্রিমেন্ট, বৈশাখী ভাতাসহ আট দফা দাবি জানিয়েছেন সংগঠনটির নেতারা।

গতকাল মঙ্গলবার ঢাকা রিপোর্টার্স ইউনিটিতে এক সংবাদ সম্মেলনে এ সব দাবি জানান অ্যাসোসিয়েশনের নেতৃবৃন্দ। সম্মেলনে অ্যাসোসিয়েশনের পক্ষে লিখিত বক্তব্য তুলে ধরেন বাংলাদেশ মাদ্রাসা জেনারেল টিচার্স অ্যাসোসিয়েশনের মহাসচিব জহির উদ্দিন।

সম্মেলন অ্যাসোসিয়েশনের সভাপতি মো. হারুন অর রশিদ, মহাসচিব মো. জহির উদ্দিন হাওলাদার, সহ-সভাপতি মো. নজরুল ইসলাম, সহ-সভাপতি রিয়াজুল করিম, সিনিয়র যুগ্ম মহাসচিব ফজলুল বারী, যুগ্ম মহাসচিব হোসনি মোবারক প্রমুখ।